

পি.এইচ.ডি./এম.ফিল. কোর্স ওয়ার্ক পরীক্ষা ২০১৮  
সেমেস্টার : ১

বাংলা

কোর্স-১

(গবেষণার পদ্ধতি ও প্রকরণ)

সময় : ৪ ঘণ্টা

পূর্ণমান : ৮০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

- ১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর করতে হবে : ২×১৫ = ৩০
- ক) গবেষণাপত্রের বিষয়-নির্বাচন, তথ্যসংগ্রহ এবং সংগৃহীত তথ্যের বিন্যাস সম্পর্কে আলোচনা করুন।
- খ) বাংলায় গবেষণাপত্র প্রস্তুত করার ক্ষেত্রে উদ্ধৃতিসংকলন এবং উদ্ধৃতিচিহ্নের ব্যবহার সম্পর্কে আলোচনা করুন।
- গ) প্রাক-ক্ষেত্রসমীক্ষা পর্ব (Pre-Field Work Phase) সম্বন্ধে একটি নিবন্ধ রচনা করুন।
- ঘ) গবেষণাপত্রে বিরামচিহ্ন ব্যবহারের বিষয়টি কতখানি গুরুত্বপূর্ণ আলোচনা করে দেখান।
- ২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দিন : ৫×২ = ১০
- ক) গবেষণাপত্রের সূচিপত্রের নমুনা প্রস্তুত করুন।
- খ) ফ্লাইলিফ কাকে বলে লিখুন।
- গ) দুটি ক্ষেত্রসমীক্ষা বিষয়ক গ্রন্থের নাম লিখুন।
- ঘ) বক্তৃলেখ (ইটালিকস্) ব্যবহারের নিয়ম কী ?
- ঙ) হাইফেন-চিহ্ন ব্যবহারের প্রয়োজনীয়তা কোথায় ?
- ৩। যে-কোনো ছটি প্রশ্নের উত্তর দিন : ৬×৫ = ৩০
- ক) গবেষণাপত্রের আখ্যাপত্র বা টাইটেল পেজের নমুনা তুলে ধরুন।
- খ) প্রচ্ছদ-সংশোধনের প্রয়োজনীয়তা জানিয়ে কপিহোল্ডারের গুরুত্ব লিখুন।
- গ) লোকসংস্কৃতির উপাদান সংগ্রহে তথ্যদাতা নির্বাচন বিষয়ে আলোচনা করুন।
- ঘ) লোকসংস্কৃতির উপাদান সংগ্রহের সময় কী কী সতর্কতা অবলম্বন করা দরকার?
- ঙ) সঠিক বানানে গবেষণাপত্র লেখা কেন জরুরি বলে মনে হয় ?
- চ) একবিন্দু ও ত্রিবিন্দু চিহ্নের ব্যবহার কখন কীভাবে করবেন ?
- ছ) 'কি' ও 'কী'-এর ব্যবহার কখন কীভাবে করতে হয় ?
- জ) বিদেশি শব্দের বানানের ক্ষেত্রে কোন্ কোন্ নিয়ম অনুসরণ করবেন ?
- ঝ) গ্রন্থপঞ্জির সঙ্গে অন্ত্যটিকার পার্থক্য দেখিয়ে একটি সার্থক অন্ত্যটিকার নমুনা দিন।
- ৪। ক এবং খ প্রশ্নের উত্তরদান আবশ্যিক (এই বিষয়টি উত্তরপত্রের সঙ্গে যুক্ত করতে হবে) : ২×৫ = ১০
- ক) মূল কপির সঙ্গে মিলিয়ে প্রচ্ছদ-সংশোধন করুন :
- মূল কপি :
- মহাবনের একেবারে অভ্যন্তরে যারা থাকে তাদের নিকষ কালো গাঁট্রাগোটা দেহে অমিত বল। অনেক সময়ে শুধুমাত্র হাতের জোরে বন্য পশু শিকার করে তারা। বরাহ, হরিণ বন্য ছাগল হত্যা করে মহাভোজ উদ্‌যাপন করে তারা। পশু মাংসের সঙ্গে থাকে বনের ফল মূল কন্দ। পুরুষেরা শিকারে যায়।

P.T.O.

(2)

প্রফ :

মহাবনের একেবারে অভ্যন্তরে যারা থাকে তাদের নিকস কালো গাটীগোঁড়া দেহে অমিত বল। অনেক সময় শুধু হাতের জোরে বন্য পশু শিকার করে তারা। বরাহ, হরিণ, বন্য ছাগল হত্যা করে মহাভোজ উদ্‌যাপন করে তারা! পশু মাংসের সঙ্গে থাকে বনের ফল কন্দ মূল। পুরুষেরা শিকারে যায়।

খ) মূল কপির সঙ্গে মিলিয়ে প্রফ-সংশোধন করুন :

মূল কপি :

সমুদ্রপারে সেই মুহূর্তেই তাদের পাড়ায় পাড়ায়

মন্দিরে বাজছিল পূজার ঘণ্টা

সকালে সন্ধ্যায় দয়াময় দেবতার নামে;

শিশুরা খেলছিল মায়ের কোলে;

প্রফ :

সমুদ্রপাড়ে সেই মুহূর্তে তাদের পাড়ায় পাড়ায়

মন্দিরে বাজছিল পূজার ঘণ্টা—

সকালে সন্ধ্যায় দয়াময় দেবতার নামে;

শিশুরা খেলেছিল মায়ের কোলে।

---